

31

17 AUG 1992

# দৈনিক ইত্তেফাক

তারিখ 17 AUG  
পৃষ্ঠা... ২... কলাম... ৬

**মসজিদভিত্তিক গণশিক্ষা  
প্রকল্প চালুর সিদ্ধান্ত**

বিভিন্ন কারণে শিক্ষা হইতে  
নিচ্ছিন্ন হইয়া পড়া শিখুদের  
মধ্যে শিক্ষার আলো প্রজ্বলিত  
(শেষ পৃঃ ৪-এর কঃ ৫ঃ)

**মসজিদ ভিত্তিক  
(১ম পৃঃ পর)**

করার লক্ষ্যে সারা দেশে মসজিদ  
ভিত্তিক গণশিক্ষা প্রকল্প চালু  
করার এক বাস্তবমুখী কর্মসূচী  
গ্রহণ করা হইতেছে। গতকাল  
(রবিবার) ধর্ম মন্ত্রণালয়ে এক উচ্চ  
পর্যায়ের বৈঠকে এই সিদ্ধান্ত  
গৃহীত হয়। ধর্ম প্রতিমন্ত্রী অধ্যা-  
পক এম এ মার্নান সভাপতিত্ব  
করেন। সভায় জন্যান্যের মধ্যে  
ধর্ম সচিব আবদুল আউয়াল, ইস-  
লামিক ফাউন্ডেশনের মহাপরি-  
চালক আলহাজ মনসুরুল হক খান  
এবং ধর্ম মন্ত্রণালয় ও ইসলামিক  
ফাউন্ডেশনের সংশ্লিষ্ট উচ্চ পদস্থ  
কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।  
প্রকল্পটি ইসলামিক ফাউন্ডেশনের  
সরাসরি তত্ত্বাবধানে পরিচালিত  
হইবে এবং এজন্য ইতিমধ্যেই  
একটি আলাদা গেল ইসলামিক  
ফাউন্ডেশনে খোলা হইয়াছে।  
বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয় যে,  
দেশব্যাপী প্রত্যেকটি থানায় ১২টি  
মসজিদভিত্তিক গণশিক্ষা কেন্দ্র  
খোলা হইবে। —তথ্য বিবরণী।